গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়

দেবিদ্বার, কুমিল্লা।

**"বিজ্ঞপ্তি"**

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক কর্মজীবি ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচীর আওতায় দেবিদ্বার পৌর এলাকার দুস্থঃ কর্মজীবি গর্ভবতী/দুগ্ধদানকারী মা (নিম্নে উল্লেখিত শর্তবলীর আলোকে যোগ্য) মহিলাদের ০৩ (তিন) বছর পর্যন্ত ভাতা প্রদান করা হবে। উক্ত ভাতাভোগী নির্বাচনের জন্য অত্র এলাকার যোগ্য মহিলাদের নিকট হতে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে। আগামী ২৫/০৮/২০২১ইং তারিখ পর্যন্ত অফিস চলাকালিন সময়ে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে জমা দেওয়ার জন্য বলা হলো।

(নির্ধারিত তারিখের পর আবেদনপত্র গ্রহণ করা হবে না।)

ক) শর্তাবলীঃ-

১. অনলাইনে আবেদন করতে হবে।

২. বয়স কমপক্ষে ২০ বছর এবং সর্বোচ্চ ৩৫ বছর।

৩. মাসিক মোট আয় ৫০০০/- টাকা অথবা তার নিম্নে এবং অন্য কোন আয়ের উৎস নেই।

৪. নির্ধারিত প্রতিষ্ঠানে চাকুরিরত দরিদ্র, দুগ্ধদায়ী মা/কর্মজীবি গর্ভবতী হতে হবে (১লা জুলাই ২০২১ইং তারিখে কমপক্ষে ৪-৬ মাসের গর্ভবতী হতে হবে)

৫. দরিদ্র প্রতিবন্ধী কর্মজীবি গর্ভবতী/ দুগ্ধদায়ী মা ভাতা প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন।

৬. দরিদ্র প্রতিবন্ধী কর্মজীবি গর্ভবতী/ দুগ্ধদায়ী মা ১ম/ ২য় গর্ভধারন এবং সন্তান প্রসব হতে সর্বোচ্চ ৩৫ বছরের জন্য জীবনে একবার মাত্র এই ভাতা পাওয়ার যোগ্য হবেন।

৭. দরিদ্র প্রতিবন্ধী কর্মজীবী গর্ভবতী সুবিধাভোগী, কমিউনিটি ক্লিনিক, উপজেলা স্বাস্থ্য কেন্দ্র, স্বাস্থ্য কর্মী স্বাস্থ্য সহযোগীতার মাধ্যমে গর্ভধারণ (Anti Natal Card) নিশ্চিত করে পৌরসভা পরিষদের তথ্য সেবা কেন্দ্র হতে অনলাইনে নাম অন্তর্ভূক্ত করতে হবে।

খ) প্রয়োজনীয় কাগজপত্র সমুহঃ-

১. ভোটার আইডি কার্ড বাধ্যতামূলক আবশ্যক ফটোকপি (২) কপি সত্যায়িত।

২. আবেদনকারী সন্তানের বয়স ১/২ বছরের মধ্যে হতে হবে এবং সন্তানের অনলাইনের জন্য সনদের সত্যায়িত ফটোকপি।

৩. প্রার্থীর ০৩ (তিন) কপি, পাসপোর্ট সাইজের।

৪. ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রত্যয়ন পত্র এবং নাগরিকত্ব সনদ আবেদনপত্রের সাথে যুক্ত করতে হবে।

৫. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও ওয়ার্ড স্বাস্থ্যকর্মীর নিকট হতে গর্ভধারনের সনদপত্র।

৬. প্রার্থীর মোবাইল নম্বর অবশ্যই থাকতে হবে এবং রক্তের গ্রুপ।

গ) যে কোন তথ্যের জন্য যোগাযোগের স্থানঃ-

১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, দেবিদ্বার, কুমিল্লা।

২. সচিব, দেবিদ্বার পৌরসভা।

৩. কমিশনার, (সকল) দেবিদ্বার পৌরসভা।

সালমা ইয়াসমিন

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়

দেবিদ্বার, কুমিল্লা।

স্মারক নং- ৩২.০১.১৯৪০.০০০.০৬.০০১.২১ -৬০

তারিখঃ ০৩/০৮/২০২১ইং

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবিদ্বার, কুমিল্লা।

২. উপজেলা নির্বাহী অফিসার, দেবিদ্বার, কুমিল্লা।

৩. পৌর প্রশাসক, দেবিদ্বার পৌরসভা, দেবিদ্বার, কুমিল্লা।

৪. উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, কুমিল্লা।

৫. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দেবিদ্বার, কুমিল্লা।

৬. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দেবিদ্বার, কুমিল্লা।

৭. অফিস কপি/ নোটিশ বোর্ড।

০৬/০৮/২০২১

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়

দেবিদ্বার, কুমিল্লা।

Scanned with CamScanner